গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : উপজেলা সড়ক নিরাপত্তা কমিটির সেপ্টেম্বর/ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ গোলাম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

তারিখ : ০৯/০৯/২০২৪

সময় : বেলা ১১:৩০ মিনিট

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো।

সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর ভূরুঙ্গামারী উপজেলার সড়ক নিরাপত্তা সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় এ উপজেলার সড়ক নিরাপত্তা সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। চেয়ারম্যান, চরভূরুঙ্গামারী সভায় জানান উঠতি বয়সের ছেলেদের দ্বারা বেপরোয়াভাবে মোটর সাইকেল চালানোর কারণে দূর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। তিনি বৈধ কাগজপত্র ছাড়া যাতে মোটর সাইকেল চলাচল করতে না পারে সেদিকে দৃষ্টি রাখার জন্য অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানাকে সভার মাধ্যমে অনুরোধ জানান।<br><br>চেয়ারম্যান, পাথরডুবি ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম বলেন, অধিক সংখ্যক অটো হওয়ার কারণে বেশির ভাগ দুর্ঘটনা ঘটে থাকে। অধিকাংশ অটো ড্রাইভারদের কোন নিবন্ধন নেই। অটো ড্রাইভারদের যদি প্রশিক্ষণ প্রদান করা হয় তাহলে দুর্ঘটনা অনেকাংশে কমে যাবে। অনেক অটো, মিশুক ও ভটভটি চালক রয়েছে যারা সাইট না বুঝে গাড়ি চালায় যার ফলে বেশির ভাগ দুর্ঘটনা হয়ে থাকে।<br><br>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান যে, বিশেষ করে সোনাহাট রোডে সড়ক দূর্ঘটনা বেশি হয়ে থাকে। সড়ক দূর্ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় করণীয় সম্পর্কে ইউপি চেয়ারম্যানগণকে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। এ লক্ষ্যে সংশ্লিষ্টদের দায়িত্বশীলতার সাথে কাজ করার জন্য অনুরোধ করেন। | সড়ক দুর্ঘটনা প্রতিরোধে সংশ্লিষ্টদের যথাযথ ভাবে দায়িত্ব পালন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ১.অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা, কুড়িগ্রাম।<br>২.চেয়ারম্যান, ..................ইউপি (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৩. সভাপতি/সম্পাদক, মোটর মালিক সমিতি ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৪. সভাপতি/সম্পাদক মোটর শ্রমিক ইউনিয়ন ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৫. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ অটোবাইক শ্রমিক কল্যাণ সোসাইটি ভূরুঙ্গামারী উপজেলা শাখা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৯/০৯/২৪

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সড়ক নিরাপত্তা কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৮.০২৩.২৩- ৮৮০

তারিখ : ২২ ভাদ্র ১৪৩১
৭ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৪. উপজেলা ................................................................অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা, ভূরুঙ্গামারী, কূড়িগ্রাম।
৬. চেয়ারম্যান, ........................................... ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭. সভাপতি/সম্পাদক, মোটর মালিক সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮. সভাপতি/সম্পাদক, মোটর শ্রমিক ইউনিয়ন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯. অফিস নথি।

০৯/০৯/২৪

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।